দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... MAR ...1 2 2000 ...
পৃষ্ঠা ১ কলাম ১

# প্রতিরোধের ব্যবস্থা ব্যর্থ, অঙ্ক পরীক্ষায় নকলের মহোৎসব সারা দেশে

**জনকণ্ঠ রিপোর্ট**

নকল প্রতিরোধে নানান প্রস্তুতি গ্রহণের পরও শনিবার এসএসসি'র অঙ্ক পরীক্ষায় দেশব্যাপী নকলের মহোৎসব চলেছে। প্রশাসনের প্রস্তুতির বিপরীতে নতুন কৌশল অবলম্বন করে অবাধে এই নকল চালানো হয়। দৈনিক জনকণ্ঠের নিজস্ব সংবাদদাতাদের পাঠানো রিপোর্ট অনুযায়ী দেশের গ্রামাঞ্চলের কেন্দ্রগুলোতে 'বাইরে কড়া ভিতরে

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## প্রতিরোধের ব্যবস্থা

(প্রথম পাতার পর)

ছাড়া'—এই কৌশল অবলম্বন করা হয়েছে। তার পরও পাঁচটি শিক্ষা বোর্ডে শনিবার পরীক্ষায় শেষ খবর পাওয়া পর্যন্ত মোট ৪ হাজার ৮৩ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডে ৮শ' ৩৭, যশোর বোর্ডে ৫শ' ৫৩, রাজশাহী বোর্ডে ১ হাজার ৯শ' ৪৮, চট্টগ্রামে ৩শ' ২১ এবং কুমিল্লায় ৪শ' ২৪।

এদিকে নকল সরবরাহের ছবি তুলতে গিয়ে দু'সাংবাদিক প্রহৃত হয়েছেন। নকল সরবরাহের দৃশ্য গ্রহণ করায় মেহেরপুর জেলার গাংনী থানার ওসি দৈনিক জনকণ্ঠের নিজস্ব সংবাদদাতা মহসীন আলী আঙ্গুর ও দিনকালের সংবাদদাতা আইনুল হককে পিটিয়ে আহত করে ক্যামেরা ছিনিয়ে নেয়। ওসিনকল প্রতি ১০০ টাকা গ্রহণ করে সরবরাহের সুযোগ দেয় এই অভিযোগ পেয়ে সাংবাদিকরা ঘটনাস্থলে গিয়ে প্রমাণ পেয়ে ছবি তুলতে গেলেই এ ঘটনা ঘটানো হয়। জনকণ্ঠের আহত সাংবাদিক বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন। উল্লেখ্য, ইতোপূর্বে উক্ত ওসির গণদুর্নীতির প্রতিবাদে সর্বদলীয়ভাবে গাংনীতে মিছিল-সমাবেশ হয়েছে।

পঞ্চগড় সংবাদদাতা জানান, পঞ্চগড় নূর আলী নূর মাদ্রাসা দাখিল পরীক্ষা কেন্দ্রে প্রতিবেশী চাচাত ভাইয়ের পরীক্ষা দিতে এসে ৭ম দিনে আলাউদ্দিন নামে দশম শ্রেণীর ছাত্র ধরা পড়েছে। জানা গেছে, তেঁতুলিয়া উপজেলার কুমারটোল গ্রামের ইউনুস আলী কারীর পুত্র মোঃ ইয়াহিয়া এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়ে পঞ্চগড় সদর উপজেলার হাঁড়িভাঙ্গা দারুসুন্নাত দাখিল মাদ্রাসা থেকে মোঃ আবদুল্লাহ নামে রেজিস্ট্রেশন করে। সে তার প্রতিবেশী চাচাত ভাই তেঁতুলিয়া কাল[illegible] মাদ্রাসার দশম শ্রেণীর ছাত্র মোঃ আলাউদ্দিনকে দিয়ে [illegible] থেকে পরীক্ষা দেয়ায়। শেষ পর্যন্ত শনিবার ভুয়া পরীক্ষার্থী ধরা পড়ল।

নওগাঁ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, নকল প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদিচ্ছার অভাব না থাকলেও কেন্দ্রগুলোতে ব্যাপক নকল হয়েছে। জেলার পত্নীতলা কেন্দ্রে নকলে সহায়তা করায় ১ শিক্ষককে বহিষ্কার করা হয়। রানীনগর ও মহাদেবপুরের কেন্দ্রগুলোতে শিক্ষকদের সহায়তায় ব্যাপক নকল হয়েছে। পত্নীতলার টিএনও জনকণ্ঠকে জানান, সারা দেশে যেমন হচ্ছে এখানেও ঠিক তেমনি হচ্ছে। তবে যারা ধরা পড়ছে, তাদের বহিষ্কার করা হচ্ছে। নওগাঁ জেলা সদর ছাড়া সকল কেন্দ্রেই নকলপ্রবণতা ছিল ভয়াবহ।